

পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়
কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিণ দিনাজপুর

নং- ২৪৪২

তারিখ- ২০/০৪/২০১৫

বিজ্ঞপ্তি

ইদানিং কালে ব্লকের স্থায়ী আধার কেন্দ্রে দৈনিক বিপুল জনসমাগমের কথা মাথায় রেখে এবং গ্রাম পঞ্চায়েত ভিত্তিক স্থায়ী আধার কেন্দ্রে পরিষেবা পাওয়ার বিষয়টিকে আরো সুষ্ঠু ভাবে পরিচালনা করার উদ্দেশ্যে ব্লকের স্থায়ী আধার কেন্দ্রের কাজকর্মে নিম্নোক্ত পরিবর্তন গুলি করা হচ্ছে, যা সকল জনসাধারণের অবগতির জন্য নীচে পয়েন্টের আকারে লিপিবদ্ধ করা হল -

- ১) পরিকাঠামোগত সমস্যার কারণে চলতি সপ্তাহে শনিবার এবং রবিবার ছাড়াও বুধবার থেকে শুক্রবার পর্যন্ত অর্থাৎ ২২/০৪/২০১৫ থেকে ২৬/০৪/২০১৫ তারিখ পর্যন্ত ব্লকের স্থায়ী আধার কেন্দ্রের যাবতীয় কাজকর্ম বন্ধ থাকবে।
- ২) এর পরিবর্তে পরবর্তি সপ্তাহের সোমবার অর্থাৎ ২৭/০৪/২০১৫ তারিখ থেকে রোটেশনের ভিত্তিতে প্রথমে ঐ সপ্তাহে সোমবার থেকে শুক্রবার পর্যন্ত শুধুমাত্র সাফানগর গ্রাম পঞ্চায়েতের উপভোক্তা, তার পরের সপ্তাহে, সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সমজিয়া গ্রাম পঞ্চায়েতের উপভোক্তা একই ভাবে তার পরের সপ্তাহে শুধুমাত্র জাখিরপুর গ্রাম পঞ্চায়েত উপভোক্তা এই ভাবে সপ্তাহ ভিত্তিক পর্যায়ক্রমে অগ্রসর হয়ে বটুন গ্রাম পঞ্চায়েতের উপভোক্তারা এবং তারপর এই চক্র শেষ হয়ে যাওয়ার পর পুনরায় এক একটি সপ্তাহে এক একটি গ্রাম পঞ্চায়েতের উপভোক্তাদের পরিষেবা ব্লকের স্থায়ী আধার কেন্দ্রে সকাল ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত প্রদান করা হবে এবং এর জন্য কোনো আগাম স্লিপ ইস্যু করা হবে না বা অফিস খোলার আগে সকাল বেলা কেউ এসে জায়গা দখল করার জন্য লাইনে কোনো অগ্রাধিকার পাবেন না।
- ৩) যাদের NPR শিডিউল পূরন না করার জন্য এখনো পর্যন্ত Biometric photo capture হয়নি অর্থাৎ ছবি এখনো তোলেননি, তারা এখনই স্থায়ী আধার কেন্দ্র থেকে পরিষেবা পাবেন না।
সুতরাং উপরোক্ত নির্দেশিকা অনুসরণ করে সকল জনসাধারণকে সুষ্ঠুভাবে ব্লকের স্থায়ী আধার কেন্দ্রে কাজকর্ম পরিচালনার জন্য সহযোগীতা করতে অনুরোধ জানানো হচ্ছে।

২০/৪/১৫

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিণ দিনাজপুর
তারিখ- ২০/০৪/২০১৫

পত্রাঙ্ক নং- ২৪৪২/০(১৯)

পত্রের প্রতিলিপি প্রয়োজনীয় অবগতি এবং বহুল প্রচারের উদ্দেশ্যে প্রদত্ত হল :-

- ১) মাননীয় মহকুমা শাসক, বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর।
- ২) মাননীয়া ভারপ্রাপ্ত আধিকারিক (জেলা সেনসাস শাখা), দক্ষিণ দিনাজপুর।
- ৩) মাননীয় DIO, NIC, দক্ষিণ দিনাজপুর। তাকে উপরোক্ত বিষয়টি বহুল প্রচারের উদ্দেশ্যে জেলা NIC web-site এ upload করতে বলা হচ্ছে।
- ৪) মাননীয়া সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
- ৫) মাননীয় যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক।
- ৬) মাননীয় ব্লক সমবায় পরিদর্শক এবং ভারপ্রাপ্ত আধিকারিক, NPR, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক।
- ৭) মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, কুমারগঞ্জ থানা।
- ৮- ১৫) মাননীয়/ মাননীয়া প্রধান, গ্রাম পঞ্চায়েত।
- ১৬- ১৭) শ্রী, অপারেটর, কুমারগঞ্জ ব্লক স্থায়ী আধার কেন্দ্র।
- ১৮- ১৯) ব্লক/ পঞ্চায়েত সমিতি অফিস নোটিশ বোর্ড।

২০/৪/১৫

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিণ দিনাজপুর